# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
বাকৃবি চত্বর, ময়মনসিংহ।

সূত্র নং-১২.২৪.০০০০.৩০২.০৭.০০১.১৭.১৬২ তারিখঃ ২২-০৮-২০১৭ খ্রিঃ

**বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভূক্ত বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটে বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (জুন, ২০১৭ সময়ের) পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ১৩-০৮-২০১৭ খ্রিঃ তারিখে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট কর্তৃক ২০১৭-১৮ অর্থ বছরের বাস্তবায়নাধীন প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতির (জুলাই ২০১৭ সময়ের) উপর পর্যালোচনা সভা প্রতিষ্ঠানের সভাকক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হল।

22/08/2017

(মোহাম্মদ নূরুন-নবী মজুমদার)
এসও
পরিকল্পনা ও উন্নয়ন কোষ

বিতরণঃ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১। সিএসও (আরসি), বিনা, ময়মনসিংহ।
২। বিভাগীয় প্রধান, ........................................................................................, বিনা, ময়মনসিংহ।
৩। প্রকল্প পরিচালক,........................................................................................, বিনা, ময়মনসিংহ।
৪। কর্মসূচী পরিচালক,........................................................................................, বিনা, ময়মনসিংহ।
৫। পিএসও, ইলেকট্রনিক্স শাখা, বিনা, ময়মনসিংহ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। সভাপতি, মনিটরিং কমিটি, .............................................................................., বিনা, ময়মনসিংহ।
৭। সভাপতি, নির্মাণ তদারকি কমিটি, ...................................................................., বিনা, ময়মনসিংহ।
৮। নির্বাহী প্রকৌশলী, বিনা, ময়মনসিংহ।
৯। উপ-প্রকল্প পরিচালক (এসআরএসডি প্রকল্প), বিনা, ময়মনসিংহ।
১০। উপ-পরিচালক (প্রশাসন), বিনা, ময়মনসিংহ।
১১। উপ-পরিচালক (অর্থ), বিনা, ময়মনসিংহ।
১২। সংগ্রহ কর্মকর্তা, বিনা, ময়মনসিংহ।
১৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিনা, ময়মনসিংহ।
১৪। পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
১৫। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
১৬। পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিনা, ময়মনসিংহ।
১৭। সংশ্লিষ্ট নথি।

# বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০২

**বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভূক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন বিনা'র প্রকল্প/কর্মসূচি সমূহের উপর গত ১৩/০৮/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি (জুলাই, ২০১৭ সময়ের) পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভার তারিখ ঃ ১৩-০৮-২০১৭ খ্রিঃ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
স্থান ঃ সভাকক্ষ, বিনা, ময়মনসিংহ
সভাপতি ঃ ড. মোঃ আমজাদ হোসেন
মহাপরিচালক, বিনা, ময়মনসিংহ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দ ঃ পরিশিষ্ঠ "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে শাখা প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন কোষ, এডিপি সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

২। আলোচনাঃ

**আলোচ্য বিষয়-১ঃ রাজস্ব অনুন্নয়ন বাজেটের জুলাই, ২০১৭ পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

বিনা'য় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরে রাজস্ব বাজেটের অনুকূলে ৩৪৯১.৪৪ লক্ষ টাকা (রাজস্ব-৩০৬১.৪৪ লক্ষ এবং মূলধন ৪৬০.০০ লক্ষ টাকা) বরাদ্দ রয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরের ১ম কিস্তি'র অর্থ ছাড় হয়েছে ৯২৬.৮৬ লক্ষ টাকা।

**আলোচ্য বিষয়-২ঃ এডিপিভুক্ত প্রকল্পসমূহের জুলাই, ২০১৭ পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।**

বিনা'য় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরে এডিপিভূক্ত প্রকল্প **"বিনা'র গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ এবং উপকেন্দ্রসমূহের উন্নয়ন (৩য় সংশোধিত)"** প্রকল্পের অনুকূলে ২৩৪০.০০ লক্ষ টাকা (রাজস্ব-৫৫৫.০০ লক্ষ এবং মূলধন ১৭৮৫.০০ লক্ষ টাকা) বরাদ্দ রয়েছে। অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

সভায় উপস্থিত সকল সদস্য উক্ত প্রকল্পটির কার্যক্রম ও অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন।

**আলোচ্য বিষয়-৩ঃ রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচির জুলাই, ২০১৭ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

৩.১ পুষ্টি নিরাপত্তার লক্ষ্যে কৃষিতাত্ত্বিক ব্যবস্থাপনার মাধ্যমে ডাল, তেলবীজ এবং দানা জাতীয় ফসলের উচ্চ ফলনশীল এবং প্রতিকূলতা সহনশীল জাত উদ্ভাবন" কর্মসূচির ২০১৭-১৮ অর্থ বছরে মোট বরাদ্দ ১৬১.৫০ লক্ষ টাকা।

৩.২ "পরিবর্তিত আবহাওয়া উপযোগী বিভিন্ন ফসল ও ফলের জাত উন্নয়ন" কর্মসূচির ২০১৭-১৮ অর্থ বছরে মোট বরাদ্দ ২৮৯.৫০ লক্ষ টাকা।

**৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ**

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.১ | সকল দরপত্রের মূল্যায়ন সম্পন্ন করে ১০ সেপ্টেম্বর, ২০১৭ তারিখের মধ্যে দরপত্রসমূহের কার্যাদেশ প্রদান সম্পন্ন করতে হবে। | প্রকল্প/কর্মসূচি পরিচালক |
| ৩.২ | প্রকল্প/কর্মসূচির ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচির পরিচালক প্রকিউরম্যান্ট এনটিটি হিসেবে দায়িত্ব পালন করবেন। রাজস্ব বাজেটের ক্রয়ের ক্ষেত্রে উপ-পরিচালক (প্রশাসন) এবং উন্নয়নমূলক কাজে নির্বাহী প্রকৌশলী প্রকিউরম্যান্ট এনটিটি হিসেবে দায়িত্ব পালন করবেন। এছাড়া, ড. হাবিবুর রহমান, এসএসও, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ সকল ক্রয়ের ক্ষেত্রে সহযোগীতা করবেন। | পরিচালক (প্রশাসন) |

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৩.৩ | পুষ্টি নিরাপত্তার লক্ষ্যে কৃষিতাত্বিক ব্যবস্থাপনার মাধ্যমে ডাল, তেলবীজ এবং দানা জাতীয় ফসলের উচ্চ ফলনশীল এবং প্রতিকূলতা সহনশীল জাত উদ্ভাবন" কর্মসূচি এর সংস্থার মনিটরিং কমিটি নিম্নোক্তভাবে সংশোধন করা হয়-<br>১) ড. মোঃ মুনজুরুল ইসলাম, পিএসও এবং বিভাগীয় প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ - সভাপতি<br>২) ড. মোঃ আজিজুল হক, পিএসও, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ - সদস্য<br>৩) মোহাম্মদ নূরুন-নবী মজুমদার, এসও, পরিকল্পনা ও উন্নয়ন কোষ - সদস্য সচিব | পরিচালক (প্রশাসন)/ কমিটির সভাপতি |
| ৩.৪ | "পরিবর্তিত আবহাওয়া উপযোগী বিভিন্ন ফসল ও ফলের জাত উন্নয়ন কর্মসূচি" কর্মসূচির এর সংস্থার মনিটরিং কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হয়-<br>১) ড. মোঃ মনজুরুল আলম মন্ডল, পিএসও, ক্রপফিজিওলজি বিভাগ - সভাপতি<br>২) ড. মোঃ ফরহাদুল ইসলাম, এসএসও, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ - সদস্য<br>৩) ড. মোঃ ইব্রাহিম খলিল, এসএসও, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ - সদস্য সচিব | পরিচালক (প্রশাসন)/ কমিটির সভাপতি |
| ৩.৫ | সকল প্রকল্প/কর্মসূচি ও রাজস্ব বাজেটের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থে প্রশিক্ষণসমূহের জন্য কর্মপরিকল্পনা প্রস্তুত পূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা)/প্রশিক্ষণ কর্মকর্তা |
| ৩.৬ | সকল প্রকল্প/কর্মসূচি ও রাজস্ব বাজেটের আওতায় গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ সঠিকভাবে ব্যবহারের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হয়-<br>১) ড. মোঃ জাহাঙ্গীর আলম, পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) - সভাপতি<br>২) ড. মোঃ মহসীন আলী, সিএসও এবং প্রধান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ - সদস্য<br>৩) ড. মির্জা মোফাজ্জল ইসলাম, সিএসও এবং প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ - সদস্য<br>৪) ড. মোঃ আবুল কাসেম, পিএসও এবং প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ - সদস্য<br>৫) ড. মোঃ রইসুল হায়দার, সিএসও (আরসি) - সদস্য সচিব | পরিচালক (প্রশাসন)/ কমিটির সভাপতি |
| ৩.৭ | রাজস্ব এবং প্রকল্পের মেরামত ও রক্ষণাবেক্ষণ (যানবাহন ও ভৌত অবকাঠামো) খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় পরিকল্পনা প্রস্তুত পূর্বক অনুমোদনের জন্য আগামী সভায় উপস্থাপন করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন)/ নির্বাহী প্রকৌশলী |
| ৩.৮ | এসআরএসডি প্রকল্পের উন্নয়নমূলক কাজের তদারকি কমিটি তাঁদের তদারকি কাজ আরো জোরদার করবে এবং সকল কমিটির সভাপতি সংশ্লিষ্ট উপকেন্দ্রের অগ্রগতি প্রতিবেদন আগামী সভায় ছবি ও ভিডিও সহ উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট উপকেন্দ্রের তদারকি কমিটির সভাপতি |
| ৩.৯ | তদারকি কমিটি উন্নয়ন মূলক কাজের বিলের সাথে পৃথক কাগজে নির্ধারিত ছকে স্বাক্ষরসহ প্রতিবেদন মহাপরিচালক মহোদয়ের নিকট প্রেরণ করবেন। | নির্বাহী প্রকৌশলী/ সভাপতি, তদারকি কমিটি |
| ৩.১০ | খাটো জাতের সূর্যমুখী, স্বল্প জীবনকালীন সরিষার নতুন জাত এবং বিশেষজ্ঞ পুল-এর নির্দেশনা মোতাবেক তিন/চার প্রকোষ্ঠ বিশিষ্ট বাদামের জাত উদ্ভাবনের উদ্যোগ গ্রহন করতে হবে। | বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ |
| ৩.১১ | জলাবদ্ধতা সহনশীল তিলের জাত উদ্ভাবনের ক্ষেত্রে উদ্ভিদ প্রজনন, বায়োটেকনোলজি, ক্রপ ফিজিওলজি ও কৃষি প্রকৌশল বিভাগ সম্মিলিত ভাবে গবেষণা কার্য পরিচালনা করবেন। | বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন/ বায়োটেকনোলজি /ক্রপ ফিজিওলজি/ কৃষি প্রকৌশল বিভাগ |
| ৩.১২ | ২০১৭-১৮ অর্থ বছরে রাজস্ব খাতে গবেষণা ও উদ্ভাবনীর জন্য বিশেষ বরাদ্দ তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্পসমূহের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভা হতে নিয়মিতভাবে উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22.8.17

(ড. মোঃ কামরুজ্জামান)
এসএসও এবং শাখা প্রধান
পরিকল্পনা ও উন্নয়ন কোষ

(ড. মোঃ আমজাদ হোসেন)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)